# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯২৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির জন্য বৈধ আছে যে সে সাজদায় তাসবীহ পাঠের সাথে সাথে দু‘আ করবে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُسَبِّحَ فِي سُجُودِهِ وَيَقْرِنَ إِلَيْهِ السُّؤَالَ

আরবী

1926 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ مَحْمُودٍ السَّعْدِيُّ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ بَحْرٍ قَالَ: حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُكْثِرُ أَنْ يَقُولَ فِي رُكُوعِهِ وَسُجُودِهِ: (سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي) يتأول القرآن.
الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1926 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (821)

বাংলা

১৯২৬. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কুরআনের আয়াত (সূরা নাসরের শেষ আয়াত) ব্যাখ্যা করে এই দু‘আটি রুকূ‘ ও সাজদায় বেশি বেশি পড়তেন سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي (আপনার পবিত্রতা ঘোষনা করছি হে আল্লাহ, আমাদের প্রভু আর আপনার প্রশংসা করছি। হে আল্লাহ, আপনি আমাকে ক্ষমা করে দিন)।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪৩; সহীহ আল বুখারী: ৪৯৬৮; আবূ দাউদ: ৮৭৭; ইবনু মাজাহ: ৮৮৯; সহীহ ইবনু খুযাইমাহ: ৬০৫; সুনান বাইহাকী: ২/১০৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬১৮; নাসাঈ: ২/২১৯; সহীহ আল বুখারী: ৭৯৪; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৮৭৮; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২৩৪; সহীহ আবূ আওয়ানা: ২/১৮৬; সহীহ মুসলিম: ৪৮৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91142

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন